**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ৪৫

তারিখ: কার্তিক ২৭, ১৪৩২ / নভেম্বর ১২, ২০২৫

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**বিশেষায়িত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ/বিক্রয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

বস্ত্রখাতের নগদ সহায়তা প্রদান সংক্রান্ত এফই সার্কুলার নম্বর ৯, তারিখ মার্চ ০৫, ২০০১; এফই সার্কুলার নম্বর ৭, তারিখ জুন ০৩, ২০০৩ সহ অন্যান্য সকল খাতের নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার বিদ্যমান নির্দেশনার প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো।

০২। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অভ্যন্তরের প্রতিষ্ঠান থেকে বিশেষায়িত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানে বৈদেশিক মুদ্রায় পণ্য সরবরাহ/বিক্রয়ের বিপরীতে নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা প্রযোজ্য হবে না।

০৩। উপরোক্ত ০২ নং ক্রমিকের বর্ণিত নির্দেশনা বস্ত্রখাতসহ নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার সকল খাতের জন্য প্রযোজ্য হবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩